পুলিশ সম্পর্কে অভিযোগ

স্কটল্যান্ডের পুলিশ
সম্পর্কে অভিযোগ
করতে হলে আপনাকে
কি কি করতে হবে,
তা এই তথ্যপত্র
(লিফলেট) থেকে জেনে
নিতে পারবেন।

এতে আরো বর্ণনা
করা হয়েছে
অভিযোগ কিভাবে
তদন্ত করা হয়।

one scotland
SCOTTISH GOVERNMENT

আমি কিভাবে অভিযোগ করবো?

আপনার কাছে যদি মনে হয় যে কোনো পুলিশ বাহিনী বা পুলিশ প্রতিষ্ঠান আপনার আশানুরূপ সেবা দিতে পারে নাই, বা মনে করেন পুলিশ সার্ভিসের কেউ অগ্রহণযোগ্য কাজ করেছেন বা কোনো অপরাধ করেছেন, তবে আপনি অভিযোগ করতে পারবেন।

আপনার অভিযোগ যদি কোনো পুলিশ বাহিনী বা পুলিশ বাহিনীর কোনো সদস্য সম্পর্কে হয় তবে:

✓ সেই পুলিশ বাহিনীর চিফ কনস্টেবোল এর কাছে অভিযোগ তুলে ধরে চিঠি লিখবেন, বা

✓ যে কোনো পুলিশ স্ট্যাশনে (যে কোনো পুলিশ অফিসারের কাছে) গিয়ে অভিযোগের বিবরণ দেবেন, বা

✓ কোনো একজন সলিসিটার, আপনার এম.এস.পি বা লোক্যাল কাউন্সিলারকে অনুরোধ করে আপনার পক্ষ হয়ে বিষয়টি চিফ কনস্টেবোল এর কাছে নিয়ে যেতে বলবেন, বা

✓ এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল (Area Procurator Fiscal) এর সাথে যোগাযোগ করবেন যদি মনে করেন যে পুলিশ বাহিনীর কেউ বেআইনী কাজ করেছেন, বা

✓ সিটিজেন্স এডভাইস ব্যুরোর কারোর সাথে কথা বলুন। সেখানকার লোকরা এই তথ্যপত্রে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহ ও ব্যক্তিদের নাম দিতে পারবেন।

আটটি পুলিশ বাহিনী ছাড়া অন্য কোনো পুলিশ প্রতিষ্ঠানের বিরুদ্ধে যদি অভিযোগ হয়, তবে:

✓ ঐ প্রতিষ্ঠানের প্রধানের কাছে অভিযোগ তুলে ধরে চিঠি লিখবেন এবং প্রয়োজন হলে কোনো একজন সলিসিটর, এম.এস.পি, কাউন্সিলার বা সিটিজেন্স এডভাইস ব্যুরোর কাছ থেকে পরামর্শ নেবেন।

অভিযোগ করার সময় আমাকে কি কি বিষয় উল্লেখ করতে হবে?

✓ অভিযোগ যতটুকু সম্ভব বিস্তারিত ভাবে বর্ণনা করবেন।

✓ ঘটনার বিবরণ দেবেন।

✓ ঘটনার বা অভিযোগের কারণ সংঘটিত হওয়ার তারিখ, সময় উল্লেখ করবেন।

✓ কোনো সাক্ষি থাকলে তাদের নাম ও ঠিকানা উল্লেখ করবেন (যদি নাম ঠিকানা আপনার জানা থাকে)।

✓ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জড়িত সদস্য বা সদস্যদের নাম বা পরিচিতি বর্ণনা করবেন (যদি নাম জানেন বা যথাযথ হয়)।

তারপর কি হবে?

অভিযোগ যদি কোনো পুলিশ বাহিনীর বিরুদ্ধে হয়, তাহলে অভিযোগ করার পর যে প্রণালীটি অনুসরণ করা হবে তা নিচে বর্ণনা করা হয়েছে। প্রতিটি পুলিশ বাহিনীর অভিযোগ পদ্ধতি অনেক দিক দিয়ে একই ধরনের হবে তবে কোনো কোনো ক্ষেত্রে কিছুটা ভিন্নও হতে পারে। এই ব্যাপারে আপনার কোনো প্রশ্ন থাকলে ঘটনার সাথে জড়িত প্রতিষ্ঠান তার জবাব দিতে পারবে।

সাধারণত আপনার স্থানীয় পুলিশের একজন উচ্চপদস্থ অফিসার আপনার ঘরে গিয়ে দেখা করে বা টেলিফোন করে অভিযোগ তদন্ত প্রক্রিয়া সম্পর্কে আপনাকে বুঝিয়ে বলবেন এবং অভিযোগ নিয়ে আলোচনা করার সুযোগ আপনাকে দেবেন। যথাযথ ক্ষেত্রে উচ্চপদস্থ অফিসারটি কোনো ব্যবস্থা নেওয়া হয়ে থাকলে তার কারণ আপনাকে বুঝিয়ে বলবেন যদি মনে করা হয়ে থাকে যে ব্যবস্থা নেওয়ার দরকার ছিল। অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, অনেক লোকই পুলিশের কাজকর্ম ও দায়িত্বের আওতা কতটুকু তা জানেন না, অথবা নির্দিষ্ট কিছু পদক্ষেপ নেওয়া প্রয়োজন কেন সে সম্পর্কে জানেন না। এসব ক্ষেত্রে উচ্চপদস্থ একজন অফিসার ভুল বুঝিয়ে দিলে সমস্যা সমাধানে সাহায্য হয়।

অফিসারের ব্যাখ্যায় যদি আপনি সন্তুষ্ট হয়ে যান, তাহলে এখানেই আপনার অভিযোগ শেষ হয়ে যাবে। একটি খাতায় বা কাগজে দস্তখত দিয়ে আপনাকে নিশ্চিত করতে হবে যে অভিযোগ এই ভাবে শেষ করতে আপনি রাজি আছেন। অভিযোগের শুরু থেকে শেষ পর্যন্ত সব রেকর্ডপত্র ফাইলে রাখা হবে।

তবে অভিযোগটি আইন বিরোধী কাজ সংক্রান্ত হলে তা উচ্চপদস্থ অফিসারের প্রদত্ত ব্যাখ্যা প্রদানের মাধ্যমে সুরাহা করা যাবে না।

আমার অভিযোগ কে বিবেচনা করবেন?

যদি উপরে বর্ণিত পর্যায়ে আপনার অভিযোগ শেষ না হয়, তবে আপনার অভিযোগ সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর একজন উচ্চপদস্থ অফিসার বিবেচনা করবেন। অভিযোগ যদি অসদাচরণ সম্পর্কে হয়, তবে আপনার অভিযোগের সাথে সংযুক্ত নন এমন একজন উচ্চপদস্থ অফিসার তা তদন্ত করবেন।

আমার অভিযোগ কিভাবে বিবেচনা করা হবে?

আপনার অভিযোগের দায়িত্ব যার অধীনে দেওয়া হবে তিনি হয়তো কথা বলতে পারেন:

- আপনার সাথে;
- সাক্ষি বা সাক্ষিদের সাথে বা অন্য লোকদের সাথে, যারা অভিযোগ সম্পর্কে সংশ্লিষ্ট তথ্য দিতে পারবেন;
- সেই কর্মচারী বা কর্মচারীদের সাথে (যথাযথ ক্ষেত্রে), যার বা যাদের বিরুদ্ধে আপনি অভিযোগ করেছেন ।

অভিযোগের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি তখন ঐ জাতীয় অভিযোগের সার্বিক দায়িত্বে নিয়োজিত ব্যক্তির কাছে রিপোর্ট প্রদান করবেন। অভিযোগ অসদাচরণ সম্পর্কে হয়ে থাকলে সার্বিক দায়িত্বে নিয়োজিত ব্যক্তিটি হবেন ডেপুটি চিপ কনস্টেবোল বা বা ডেপুটির কাছে সরাসরি দায়বদ্ধ অন্য কোনো

অফিসার। অন্যান্য ধরনের অভিযোগের ক্ষেত্রে সার্বিক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি সাধারণত হবেন বিভাগীয় প্রধান, কমান্ড ইউনিট/এরিয়া বা ডিপার্টমেন্ট প্রধান।

অসদাচরণ সম্পর্কে দায়েরকৃত অভিযোগের এই পর্যায়ে ডেপুটি চিফ কনস্টেবোল বা অন্য দায়িত্বপ্রাপ্ত অফিসার:

- তদন্তকারী অফিসারের রিপোর্ট বিবেচনা করে আইনানুগ ব্যবস্থা না নেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন এবং অভিযোগকারীকে ব্যাখ্যা প্রদান করেই অভিযোগ শেষ করার সিদ্ধান্ত নিতে পারেন; বা
- আরো তদন্তের নির্দেশ দিতে পারেন; বা
- অসদাচরণ আচরণ বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা অনুসরণ করে সংশ্লিষ্ট সদস্য বা সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন; বা
- যদি মনে হয় যে পুলিশ বাহিনীর কেউ আইন ভঙ্গ করেছেন তাহলে অভিযোগটি তিনি এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল এর কাছে পাঠাতে বাধ্য থাকবেন।

আপনার অভিযোগ যদি কোনো ব্যক্তির বিরুদ্ধে না হয়, তবে সার্বিক দায়িত্বে নিয়োজিত ব্যক্তিটি পরীক্ষা করে দেখবেন অভিযোগকারীকে যে সেবা দেওয়া হয়েছিলো তা তার আশানুরূপ থেকে নিম্নমানের ছিল কি না এবং তা থেকে এমন কোনো কিছু শিখার আছে কি না যাতে ভবিষ্যতে এমন ভুল আর না হয়।

যে ধরনের ব্যবস্থাই নেয়া হোক না কেন আপনাকে যত শীঘ্র সম্ভব তা জানানো হবে।

এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল

প্রোকিউরেটর ফিসক্যাল সার্ভিস পুলিশ থেকে সম্পূর্ণরূপে নিরপেক্ষ এবং জনস্বার্থে অপরাধমূলক আচরণ সংক্রান্ত অভিযোগ তদন্ত করে থাকে। যদি অভিযোগটি এমন হয় যে **কর্তব্যরত** অবস্থায় পুলিশ বাহিনীর কেউ আইন ভঙ্গ করে দন্ডনীয় অপরাধ করেছেন তবে তা সেই ডিস্ট্রিক্টের এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল বিবেচনা করবেন যে ডিস্ট্রিক্টে ঘটনাটি ঘটেছিল। এরিয়া প্রোকিউরেটর তদন্ত ভার নিজের হাতে নিতে পারেন নতুবা কোনো একজন অভিজ্ঞ ডেপুটির কাছে তদন্ত ভার দিয়ে তার কাছে রিপোর্ট করার নির্দেশ দিতে পারেন। **কর্তব্যরত না থাকা** অবস্থায় কোনো ঘটনার জন্য যদি পুলিশের কোনো সদস্যের উপর অপরাধমূলক কাজের অভিযোগ আনা হয় তবে যথাযথ ক্ষেত্রে সেই ডিস্ট্রিক্টের প্রোকিউরেটর ফিসক্যাল এর কাছে রিপোর্ট করা হবে যে ডিস্ট্রিক্টে ঘটনাটি ঘটেছে। প্রোকিউরেটর ফিসক্যাল অবস্থার পরিপ্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা নেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।

অপরাধ কাজের অভিযোগ

পুলিশের কাছ থেকে রিপোর্ট পাওয়ার পর এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল:

- সাক্ষ্য প্রমাণ পরীক্ষা করবেন;
- প্রোকিউরেটর ফিসক্যাল সার্ভিসের কারোর মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করবেন;
- বিবেচনা করে দেখবেন আর কি কি তদন্ত করা প্রয়োজন।

সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগের সাক্ষ্য প্রমাণ কতটুকু শক্ত, তা নির্ধারণ করার জন্য এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল আপনার মুখ থেকে ঘটনার বিবরণ জানতে চাইবেন। তাই আপনাকে প্রোকিউরেটর ফিসক্যাল এর অফিসে আসার জন্য বলা হতে পারে।

মামলাটি খতিয়ে দেখার পর এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল তখন সিদ্ধান্ত নেবেন ক্রাউন অফিসে (ফিসক্যাল সার্ভিসের প্রধান অফিসে) পাঠাবেন কি না।

ক্রাউন অফিসে কোনো মামলা না পাঠানো হলে সেই মামলার কি হয়ে থাকে?

মামলা ক্রাউন অফিসে পাঠানো না হলে বুঝবেন যে কোনো ফৌজদারী বা অপরাধ মামলা দায়ের করা হবে না। **এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল তখন আপনাকে জানাবেন যে কোনো ফৌজদারী মামলা দায়ের করা হবে না**। এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল বিষয়টি পুনরায় সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর কাছে পাঠিয়ে দেবেন। পুলিশ বাহিনী তখন সিদ্ধান্ত নেবেন কোনো ব্যবস্থা নেওয়ার দরকার কি না।

অভিযোগ যদি ক্রাউন অফিসে পাঠানো হয় তাহলে কি হবে?

ক্রাউন কাউন্সেল (সরকার পক্ষের উচ্চপদস্থ উকিল) অভিযোগ বিবেচনা করবেন এবং ফৌজদারী **মামলা দায়ের করার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। ক্রাউন কাউন্সেলের সিদ্ধান্ত এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল অফিস থেকে আপনাকে জানানো হবে**। পুলিশ অফিসারগণ এবং পুলিশ বাহিনীর অন্যান্য সদস্য, যারা অপরাধ কাজের জন্য অভিযুক্ত হবেন, তাদের জনসাধারণের মতোই আইন অনুযায়ী একই অধিকার থাকবে এবং তাদেরকে একই ভাবে দেখতে হবে। যদি মামলাটি কোর্ট পর্যন্ত গড়ায় তবে আপনাকে ও সাক্ষিদেরকে কোর্টে গিয়ে সাক্ষ্যপ্রমাণ দিতে হবে।

অসদাচরণ/শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রণালী

পুলিশ বাহিনীর যে সদস্য বা সদস্যদের সম্পর্কে অভিযোগ করা হয়ে থাকবে তদন্তের পর হয়তো দেখা যেতে পারে যে সেই সদস্য বা সদস্যরা আইন বিরোধী কোনো কাজ করেন নাই তবে এমন আচরণ করেছেন যা গ্রহণযোগ্য নয়। এমতাবস্থায় সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের ব্যবস্থা, যেমন রীতি মাফিক অসদাচরণ/শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে।

আমি যদি আমার অভিযোগ তুলে নিতে চাই তাহলে কি হবে?

অভিযোগ তুলে নিতে চাইলে যখনই সম্ভব হবে তখনই যে অফিসারের কাছে প্রথম অভিযোগ করেছিলেন তার সাথে যোগাযোগ করবেন। বিকল্প হিসাবে সংশ্লিষ্ট বাহিনীর অভিযোগ বিভাগকেও তা জানিয়ে নিতে পারেন। আপনার অভিযোগের কারণে যদি সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিদের বিরুদ্ধে আইন বিরোধী কাজের জন্য কোর্টে ফৌজদারী মামলা দায়ের করা হয়, তবে তদন্ত চালিয়ে যাওয়া বা মামলার সাথে জড়িত যে কোনো সিদ্ধান্ত ক্রাউন অফিস এবং প্রোকিউরেটর ফিসক্যাল সার্ভিস এর এখতিয়ারাধীন থাকবে।

একজন উচ্চপদস্থ পুলিশ অফিসারের বিরুদ্ধে আমি কিভাবে অভিযোগ করবো?

যদি কোনো একজন এসিস্ট্যান্ট চিফ কনস্টেবোল, ডেপুটি চিফ কনস্ট্যাবোল বা চিফ কনস্ট্যাবোল সম্পর্কে অভিযোগ করতে চান তাহলে সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর পুলিশ কর্তৃপক্ষের (পুলিশ অথোরিটির) সাথে যোগাযোগ করবেন। যার কাছে চিঠি লিখবেন তার নাম ও ঠিকানা এই তথ্যপত্রের পিছের পৃষ্ঠায় রয়েছে। স্থানীয় লাইব্রেরী, সিটিজেন্স এডভাইস ব্যুরোতেও তা পাবেন নতুবা সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর সাথে যোগাযোগ করেও তা জেনে নিতে পারবেন।

মিথ্যা অভিযোগ

যদি কেউ জেনেশুনে পুলিশ বাহিনীর কোনো সদস্য বা প্রতিষ্ঠান সম্পর্কে মিথ্যা অভিযোগ করেন তবে তার বিরুদ্ধে প্রোকিউরেটর ফিসক্যাল যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন (এবং অভিযোগকারীর বিরুদ্ধে সংশ্লিষ্ট ব্যক্তি মানহানির মামলা দায়ের করতে পারেন)।

আমার অভিযোগের ফলে কি করা হয়েছে বা না হয়েছে তা আমি কিভাবে জানতে পারবো?

আপনার অভিযোগটি যদি এরিয়া প্রোকিউরেটর ফিসক্যাল (প্রোকিউরেটর ফিসক্যাল সম্পর্কে আরো আগে বর্ণনা করা হয়েছে) এর এখতিয়ারাধীন না হয়, তাহলে সংশ্লিষ্ট পুলিশ বাহিনীর একজন উচ্চপদস্থ অফিসার আপনার কাছে চিঠি লিখবেন অথবা আপনার জাতীয় অভিযোগগুলোর দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান আপনাকে চিঠি লিখবে যখন অভিযোগের মাধ্যমে উত্থাপিত আপনার সব উদ্বেগ তদন্তের কাজ শেষ হয়ে যাবে। অভিযোগের মাধ্যমে ভিন্ন ধরনের একাধিক উদ্বেগ উত্থাপন করা হয়ে থাকলে অনেক সময় তাদের চেঠি পেতে দেরী হতে পারে।

পুলিশ যে ভাবে আমার অভিযোগ নিয়ে কাজ করেছে তাতে যদি আমি খুশি না হই তাহলে আমাকে কি করতে হবে?

স্কটল্যান্ডের কোনো পুলিশ বাহিনী বা পুলিশ প্রতিষ্ঠানের দ্বারা আপনার অভিযোগ বিবেচনা পদ্ধতিতে যদি আপনি সন্তুষ্ট না হন, তাহলে আপনি ঐ অভিযোগটি পুলিশ কমপ্লেইন্টস কমিশনার ফর স্কটল্যান্ড (Police Complaints Commissioner for Scotland) এর কাছে পাঠাতে পারবেন:

Police Complaints Commissioner for Scotland
PO Box 26300
Hamilton
ML3 3AR

ফ্রিফোন: 0808 178 5577
enquiries@pcc-scotland.org
www.pcc-scotland.org

কমিশনারের দায়িত্ব হলো সংশ্লিষ্ট পুলিশ বাহিনী সঠিক ভাবে অভিযোগের তদন্ত করেছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে কি না তা পর্যালোচনা করে দেখা। পর্যালোচনার ফলাফলের উপর নির্ভর করে কমিশনারকে অভিযোগটি পুনরায় পুনর্বিবেচনা করার প্রয়োজন হতে পারে। এমতাবস্থায় পুনর্বিবেচনা প্রণালী সম্পর্কে তিনি দিক-নির্দেশনা প্রদান করবেন।

তবে কমিশনার অপরাধ কাজের সাথে জড়িত অভিযোগ বিবেচনা করতে পারবেন না কারণ তা ক্রাউন অফিস এবং প্রোকিউরেটর ফিসক্যাল সার্ভিস এর এখতিয়ারাধীন।

পুলিশ বাহিনীসমূহ

সেন্ট্রেল স্কটল্যান্ড **(Central Scotland Police)**
Randolphfield, Stirling FK8 2HD
টেলি: 01786 456000

ডামফ্রিজ এন্ড গ্যালোওয়ে কনস্ট্যাবুলারি
(Dumfries & Galloway Constabulary)
Cornwall Mount, Dumfries DG1 1PZ
টেলি: 01387 252112

ফাইফ কনস্ট্যাবুলারি **(Fife Constabulary)**
Detroit Road, Glenrothes KY6 2RG
টেলি: 01592 418888

গ্রামপিয়ান পুলিশ **(Grampian Police)**
Queen Street, Aberdeen AB10 1ZA
টেলি: 0845 600 5700

লোথিয়ান এন্ড বর্ডার্স পুলিশ **(Lothian & Borders Police)**
Fettes Avenue, Edinburgh EH4 1RB
টেলি: 0131 311 3131

নর্দার্ন কনস্ট্যাবুলারি **(Northern Constabulary)**
Old Perth Road, Inverness IV2 3SY
টেলি: 01463 715555

স্ট্র্যাথক্লাইড পুলিশ **(Strathclyde Police)**
173 Pitt Street, Glasgow G2 4JS
টেলি: 0141 532 2000

টেসাইড পুলিশ **(Tayside Police)**
PO Box 59, 4 West Bell Street
Dundee DD1 9JU
টেলি: 01382 223200

পুলিশ কর্তৃপক্ষসমূহ (পুলিশ অথোরিটিজ)

সেন্ট্রেল স্কটল্যান্ড জয়েন্ট পুলিশ বোর্ড
(Central Scotland Joint Police Board)
Falkirk Council, Municipal Buildings
Falkirk FK1 5RS
টেলি: 01324 506078

ডামফ্রিজ এন্ড গ্যালওয়ে পুলিশ এন্ড ফায়ার এন্ড রেসকিউ অথোরিটি
(Dumfries & Galloway Police and Fire and Rescue Authority)
Dumfries & Galloway Council, English Street
Dumfries DG1 2DD
টেলি: 01387 260001

ফাইফ কাউন্সিল কমিউনিটি সেইফটি কমিটি
(Fife Council Community Safety Committee)
Fife House, North Street, Glenrothes
Fife KY7 5LT
টেলি: 01592 416303

গ্রামপিয়ান জয়েন্ট বোর্ড
(Grampian Joint Police Board)
Aberdeen City Council, Town House
Aberdeen AB10 1AQ
টেলি: 01224 523031

লোথিয়ান বোর্ডার্স জয়েন্ট পুলিশ বোর্ড
(Lothian & Borders Joint Police Board)
City of Edinburgh Council, Waverley Court
4 East Market Street, Edinburgh EH1 1DE
টেলি: 0131 469 3002

নর্দান জয়েন্ট পুলিশ বোর্ড (Northern Joint Police Board)
Highland Council, Glenurquhart Road
Inverness IV3 5NX
টেলি: 01463 702012

স্ট্র্যাথক্লাইড জয়েন্ট পুলিশ বোর্ড
(Strathclyde Joint Police Board)
Room 64, City Chambers
Glasgow G2 1DU
টেলি: 0141 287 4167

টেসাইড জয়েন্ট পুলিশ বোর্ড (Tayside Joint Police Board)
Angus Council, Angus House
Orchardbank, Forfar DD8 1AN
টেলি: 01307 476265

স্কটিশ বডিজ

ক্রাউন অফিস এন্ড প্রোকিউরেটর ফিসক্যাল সার্ভিস
(Crown Office and Procurator Fiscal Service)
25 Chambers Street, Edinburgh EH1 1LA
টেলি: 0131 226 2626

স্কটিশ ক্রাইম এন্ড ড্রাগ এনফোর্সমেন্ট এজেন্সি
(Scottish Crime & Drug Enforcement Agency)
Osprey House, Inchinnan Road
Renfrew PA3 2RE
টেলি: 0141 302 1000

দি স্কটিশ একজিকিউটিভ (The Scottish Executive)
St Andrew's House, Regent Road
Edinburgh EH1 3DG
টেলি: 08457 741741

স্কটিশ পুলিশ সার্ভিসেস অথোরিটি
(Scottish Police Services Authority)
টেলি: 0141 582 1103

ইউ.কে-র প্রতিষ্ঠানসমূহ

ব্রিটিশ ট্রান্সপোর্ট পুলিশ (British Transport Police)
90 Cowcaddens Road, Glasgow G4 0LU
টেলি: 0800 405040

সিভিল নিউক্লিয়ার কনস্ট্যাবুলারি
(Civil Nuclear Constabulary)
Culham Science Centre, Abingdon
Oxfordshire OX14 3DB
টেলি: 01235 466755

মিনিস্ট্রি অব ডিফেন্স পুলিশ
(Ministry of Defence Police)
Wethersfield, Braintree, Essex CM7 4AZ
টেলি: 01371 854000

সিরিয়াস অর্গেনাইজড ক্রাইম এজেন্সি
(Serious Organised Crime Agency)
PO Box 8000, London SE11 5EN
টেলি: 0870 734 6138

এই তথ্যপত্রটি একটি সাধারণ নির্দেশনা মাত্র। এতে সবকিছু বিস্তারিত ভাবে বর্ণনা করা হয় নাই। তাই এর বিষয়বস্তু পুলিশি কার্যপদ্ধতি, নীতিমালা বা আইনের পুরো বর্ণনা হিসাবে নেওয়া ঠিক হবে না।

The Scottish Government

© Crown copyright 2007

এই তথ্যপত্রটি স্কটিশ গভর্নমেন্টের নিম্নলিখিত ওয়েবসাইটেও পাওয়া যাবে:
www.scotland.gov.uk

RR Donnelley B53189 10/07 (Bengali)

আমাদের বিশ্বাস যে এই অনুবাদে মূল বিষয়বস্তু সঠিক ভাবে তুলে ধরা হয়েছে।

ISBN 978-0-7559-1582-8